

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

(চৰ্চা): তান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণান্তর জাপক। উদ্দিপক্ষগুলো মনোযোগ সহকারে পড় এবং সংক্ষিপ্ত প্রয়োজনীয় উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১. ► বাংলাদেশের একদল বিজ্ঞানী ২০১০ সালে পাটের জীবন রহস্য বা জিন নকশা উৎপাদন করেছেন। এর ফলে বাংলাদেশের আবহাওয়া ও প্রয়োজন অনুযায়ী পাটের নতুন জাত উত্তোলন করা যাবে। দীর্ঘদিন ধরে পাটের ব্যাপারে এ দেশের মানুষের মনে একটি বিশেষ আবেগের জায়গা রয়েছে। পাটকে বলা হয় গোল্ডেন ফাইবার তথা সোনালী আঁশ। তাই এখন বলার সময় এসেছে- ‘পাটকে অবহেলা নয় প্রয়োজন যত্ন নেওয়ার।’

- ক. সংজ্ঞায় কোনটি উল্লেখ করা আবশ্যিক? ১
 খ. সংজ্ঞার অন্যতম উদ্দেশ্যটি ব্যাখ্যা করো। ২
 গ. উদ্দিপকে পাটের কোন ধরনের সংজ্ঞা ব্যবহৃত হয়েছে? তা বর্ণনা করো। ৩
 ঘ. উদ্দিপকে ‘পাটকে অবহেলা নয়, প্রয়োজন যত্ন নেওয়ার’ বন্ধব্যাটি সদর্থক-
 মতামত দাও। ৪

২. ► যৌক্তিক বিভাগ সম্পর্কিত দুজন শিক্ষার্থীর সংলাপ নিম্নরূপ:

মেঘলা: যৌক্তিক বিভাগে পদের ব্যক্ত্যর্থের বিশ্লেষণ করা হয়। কিন্তু সব পদের তো ব্যক্ত্যর্থ নেই।

বিদিতা: আসলে এ বিষয় নিয়ে আমিও সমস্যায় পড়েছি। তাহাড়া আমাদের মৌলিক অনুভূতির কোনো বিভাগ করা যায় না।

মেঘলা: তুমি একদম ঠিক বলেছ, ব্যক্তিবাচক ও বস্তুবাচক পদগুলোর ক্ষেত্রে এটির কোনো ভিত্তি নেই। আসলে আমার এটি একদমই পড়তে ভালো লাগে না।

- বিদিতা: কী আর করা, পড়তে তো হবেই।
 ক. যৌক্তিক বিভাগের অর্থ কী? ১
 খ. ছিকোটিক বিভাগ বলতে কী বোঝায়? ২

- গ. মেঘলা ও বিদিতার সংলাপে যৌক্তিক বিভাগের কোন দিকটি ফুটে উঠেছে?
 ব্যাখ্যা করো। ৩
 ঘ. উদ্দিপকে উক্ত দিকের সার্বিক চিত্র ফুটে উঠেছে কি? মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৩. ► লালু ডাকাতকে পুলিশ গ্রেফতার করে থানায় নিয়ে যায়। কিন্তু কিছুদিন পর
 সে কোট থেকে জামিন পেয়ে বেরিয়ে আসে। এরপরেও পুলিশ লালু ডাকাতকে
 নজরদারিতে রাখে। এদিকে বিশু মিস্ট্রী নামে এক ব্যক্তির সাথে লালু ডাকাতের খুব
 ভাব এবং উভয়ের আচরণে অনেক মিল পাওয়া যায়। লালু ডাকাতের সাথে বিশু
 মিস্ট্রীর বিভিন্ন রূক্ষ সাদৃশ্য বা মিল দেখতে পেয়ে পুলিশ বিশু মিস্ট্রীকেও ডাকাত
 ডেবে নজরদারি করতে থাকে।

- ক. প্রকৃত আরোহ কী? ১
 খ. বৈজ্ঞানিক আরোহের দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২
 গ. উদ্দিপকে বর্ণিত পুলিশের সিদ্ধান্তে কোন আরোহের ইঙ্গিত পাওয়া যায়?
 ব্যাখ্যা করো। ৩
 ঘ. উক্ত আরোহের সাথে বৈজ্ঞানিক আরোহের ভিন্নতা বিষয়ক তোমার মতামত
 বিশ্লেষণ করো। ৪

৪. ► দৃশ্যকল্প-১: বাগানের ৫০টি গাছের সবকটিতে ফজলি আম রয়েছে।

দৃশ্যকল্প-২: প্রতিটি চতুর্ভুজে চারটি বাহু আছে।

দৃশ্যকল্প-৩: মানুষের মতো বাদুড় বাচ্চা প্রসব করে। মানুষ গান গায়। সুতরাং
 বাদুড়ও গান গায়।

- ক. অপ্রকৃত আরোহ কী? ১

৪. জানা সত্য থেকে অজানা সত্যে গমন করা হয় কেন? ২
৫. দৃশ্যকল্প-১-এ কোন ধরনের আরোহের প্রতিফলন ঘটেছে? ৩
৬. দৃশ্যকল্প-২ ও দৃশ্যকল্প-৩-এ প্রতিফলিত আরোহের তফাতের দিকগুলো বিশ্লেষণ করো। ৪
- ৫. ► ঘটনা-১:** পরীক্ষাগারে বিজ্ঞানী কম্বল হাসান সাময়িকভাবে বিদ্যুৎকে একটি তরল পদার্থ হিসেবে গণ্য করেন।
ঘটনা-২: নিউটনের আবিষ্কৃত মাধ্যাকর্ষণ শক্তির তত্ত্ব ব্যবহার করে ভূগোলবিদ হাসান আরিফ জোয়ার-ভাটার গতিবিধি নির্ণয়ের চেষ্টা করছেন।
- ক. বাস্তব কারণ কী? ১
- খ. বর্ণনামূলক প্রকল্পের মূল উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২
- গ. ঘটনা-২ এ বর্ণিত ঘটনায় প্রকল্পের কোন দিকটি উপস্থাপন করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. ঘটনা-১ এ বর্ণিত কম্বল হাসানের কাজটির যৌক্তিক বিশ্লেষণ করো। ৪
- ৬. ► দৃশ্যকল্প-১:** রাইহান বিকেল বেলায় মাঠে বসে আছে। সে হঠাতে দেখতে পায় যে, মাঠের পাশে একটি তালগাছে একটি কাক এসে বসল এবং সাথে সাথে একটি তাল মাটিতে পড়ে গেল। রাইহান ভাবছে কাক বসাই তাল পড়ার কারণ।
দৃশ্যকল্প-২: পড়ার টেবিলে রাইহানের ছোট বোন ইতিহাসের বই পড়ছে। রাইহান বললো, “নেপোলিয়ান সম্পর্কে জানো? রাশিয়া আক্রমণ করার কারণেই নেপোলিয়ানের পতন ঘটে।”
- ক. প্রমাণ পদ্ধতির অপর নাম কী? ১
- খ. অনিয়ন্ত্রিত অনুপপত্তি বলতে কী বোঝায়? ২
- গ. দৃশ্যকল্প-১ এর সিদ্ধান্তে কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. দৃশ্যকল্প-২ এ পরীক্ষণাত্মক পদ্ধতির অপ্রয়োগ ঘটেছে তা চিহ্নিত করে বিশ্লেষণ করো। ৪
- ৭. ►** অধ্যাপক কামাল সাহেব বাজারে গিয়ে দেখলেন মানুষের ডিড় বেশি এবং চাল, ডাল, সরজি ও মাছের দাম চড়া। অন্য আরেক দিন বাজারে গিয়ে দেখলেন মানুষের ডিড় কম এবং চাল, ডাল, সরজি ও মাছের দামও কম। কমতি বাজারে বেলাল সাহেব মাছ ও মাংস বেশি পরিমাণে কিনে আনলেন। পরদিন বেলাল সাহেবের পরিবারে ‘ফুড পয়জনিং’ দেখা দিল এবং সবাইকে হাসপাতালে ভর্তি করতে হলো। দেখা গেল হাসপাতালে ডাক্তার সবাইকে স্যালাইন দিলে ভালো থাকে, স্যালাইন খুলে ফেললে আবার অসুস্থতা বেড়ে যায়।
- ক. কার্যকারণ পদ্ধতি বলতে কী বোঝ? ১
- খ. অপ্রয়োজনীয় বিষয় বাদ দেওয়া হয় কেন? ২
- গ. কামাল সাহেবের বাজারে গিয়ে দেখার বিষয়টি কার্যকারণ সম্পর্ক প্রমাণের কোন পদ্ধতিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. বেলাল সাহেবের পরিবারে ‘ফুড পয়জনিং’ আবিষ্কার এবং ডাক্তারের স্যালাইন দেওয়ার ক্ষেত্রে কার্যকারণ সম্পর্ক প্রমাণের পদ্ধতির তুলনামূলক বিশ্লেষণ করো। ৪
- ৮. ►** কর্মজীবী মিসেস সালেহা খানম তার ছোট মেয়ে শাওনকে দেখাশোনা করার জন্য গ্রাম থেকে বয়স্ক ও অশিক্ষিত এক নারীকে বাসায় এনেছেন। দিনের অধিকাংশ সময়ই শাওন এই নারী ফাতেমা বেগমের তত্ত্বাবধানে থাকে। টেলিভিশনে দেশের বিভিন্ন স্থানে হালকা ভূমিকম্পের খবর দেখে শাওন তার কাছে ভূমিকম্পের কারণ জানতে চায়। ফাতেমা বেগম বলেন, “একটি বিরাট মহিষ তার শিংয়ের ওপর পৃথিবীটা অন্য শিং-এ নেয়ার সময় পৃথিবীটা কেঁপে ওঠে যাকে আমরা ভূমিকম্প

বলি। ঠিক এ সময়ই শাওনের মা অফিস থেকে বাসায় ফেরেন। তিনি তার মেয়েকে বলেন 'আসলে ভূগর্ভ সঞ্চিত বাষ্পের চাপ বেশি হলে তা ভৃত্যকের নিম্নভাগে ধাক্কা দেয় ফলে ভূমিকম্প হয়। আবার তাপ বিকিরণের ফলে ভূগর্ভ সংকুচিত হলে ভূপৃষ্ঠ কেঁপে উঠতে পারে। তাতেও ভূমিকম্প হয়।

ক. বৈজ্ঞানিক ব্যাখ্যাকরণ কখন ভাস্তু হয়? ১

খ. চেতনার মৌলিক অবস্থাবলির ব্যাখ্যা দেওয়া অসম্ভব কেন? ২

গ. উদ্বীপকে ফাতেমা খানমের ব্যাখ্যাটির ধরন বর্ণনা করো। ৩

ঘ. উদ্বীপকে মিসেস সালেহা খানমের ব্যাখ্যার সঙ্গে ফাতেমা বেগমের ব্যাখ্যার সাদৃশ্য বা বৈসাদৃশ্য নিরূপণ করো। ৪

৯. ► **দৃশ্যকল্প-১:** ঢাকা শরীরচর্চা কলেজে প্রশিক্ষণ চলাকালীন ক্লাসে একজন প্রশিক্ষণার্থী বিলম্বে উপস্থিত হয়। প্রশিক্ষক তাকে বিলম্বে ক্লাসে আসার কারণ জিজ্ঞাসা করলে সে উত্তর দেয়, রাস্তায় যানজটের কারণে ক্লাসে উপস্থিত হতে বিলম্ব হয়েছে।

দৃশ্যকল্প-২: সাইন্স ইনসিটিউট এন্ড রিসার্চ সেন্টারে পিএইচডি (PhD) গবেষণায় কোর্স ওয়ার্কের ক্লাসে সুপারভাইজার একজন গবেষককে প্রশ্ন করেন যে, গতকাল আপনার সর্দি ছিল। আজকে আপনার সর্দি ভালো হওয়ার কারণ কী? গবেষক জবাব দেন, আমি আইসক্রিম খেয়েছিলাম তাই সর্দি ভালো হয়ে গেছে। সুপারভাইজার বিস্মিত হলেন।

ক. প্রকল্প কী? ১

খ. প্রতিবেদক অনুকল্প বলতে কী বোঝ? ২

গ. দৃশ্যকল্প-১ এ প্রকল্পের কোন শর্তটির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-২ কি প্রকল্পের বৈধ শর্ত পূরণ করেছে? মতামত দাও। ৪

১০. ► **দৃশ্যকল্প-১:** প্রিয়াংকা রান্নাঘরে তার ব্যক্তিগত সুবিধার্থে নিচের তাকে হাড়ি-বাসন, মধ্য তাকের একপাশে চায়ের সরঞ্জাম এবং অন্যপাশে সব মশলাজাতীয় জিনিস সুন্দর করে সাজিয়ে রাখলো।

দৃশ্যকল্প-২: প্রিয়াংকার বাবা একজন বিজ্ঞানী। তিনি প্রাণিজগতের ইতিহাস নিয়ে গবেষণা করছেন। তিনি পশুর গবেষণার জন্য একধরনের তত্ত্ব এবং পাখির গবেষণার জন্য অন্য ধরনের তত্ত্ব ব্যবহার করছেন।

ক. শ্রেণিকরণ কী? ১

খ. দৈনন্দিন জীবনে শ্রেণিকরণ প্রয়োজন কেন? ২

গ. দৃশ্যকল্প-১ কোন ধরনের শ্রেণিকরণকে নির্দেশ করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ প্রিয়াংকা ও তার বাবার পৃথকীকরণ প্রক্রিয়ায় প্রতিফলিত বিষয়গুলোর মধ্যে পার্থক্যসমূহ বিশ্লেষণ করো। ৪

১১. ► 'ক' ও 'খ' পাশাপাশ দুটি দেশ। 'ক' দেশের ভিতরে এক প্রকার ভাইরাসের আক্রমণের ফলে বহু লোক মারা গেছে এবং বহু লোক ভাইরাসে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রয়েছে। এ ঘটনার কারণে 'খ' দেশে কড়া সতর্কতা জারি করা হয়েছে এবং সীমান্তের প্রবেশ পথগুলিতে বিশেষজ্ঞ দল গঠন করে বসানো হয়েছে, যেন ঐ বিশেষ ভাইরাস 'খ' দেশে প্রবেশ করতে না পারে।

ক. আকস্মিকতা কী? ১

খ. সম্ভাবনা ও আকস্মিকতার উদাহরণ দাও। ২

গ. উদ্বীপকে 'ক' দেশে বিশেষ ভাইরাস আক্রমণের কারণে 'খ' দেশে সতর্কতা জারি করা হয়েছে। এর মাধ্যমে কী বিষয়ের ইঙ্গিত পাওয়া যায়? এর প্রকৃতি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্বীপকে উল্লিখিত বিষয়ের ইঙ্গিত পরিমাপের নিয়মগুলো বিশ্লেষণ করো। ৪

সময় — ৩০ মিনিট

বিশেষ চুক্তি:
— সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উভরপত্রে প্রশ্নের ক্ষমিক নথিরে বিপরীতে প্রদত্ত বর্গসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উভরের বৃত্তি (●)
বল পয়েন্ট করলে ছারা সম্পূর্ণ ভৱাট কর / প্রতিটি প্রশ্নের মান ।।

১. অস্থয় শব্দের অর্থ কী?

- | | |
|---------|--------------|
| ক) মিল | খ) সংযোগ |
| গ) অমিল | ঘ) বৈসাদৃশ্য |

২. সন্তানবনা ধারণাটি প্রযোজ্য—

- | | |
|----------------------|------------------|
| i. প্রাকৃতিক দুর্যোগ | ii. ক্রিকেট খেলা |
| iii. চিরন্তন সত্তা | |

নিচের কোনটি সঠিক?

- | | |
|-------------|----------------|
| ক) i ও ii | খ) i ও iii |
| গ) ii ও iii | ঘ) i, ii ও iii |

৩. রীমাদের গ্রামে ১০০ জনের মধ্যে ৬০ জন রোগমুক্ত
থাকে। ঐ গ্রামে রোগমুক্তির সন্তানবনা কত?

- | | |
|------------------|------------------|
| ক) $\frac{3}{5}$ | খ) $\frac{1}{5}$ |
| গ) $\frac{8}{5}$ | ঘ) $\frac{2}{5}$ |

৪. Hypothesis শব্দটির অর্থ কী?

- | | |
|-----------------|-------------------|
| ক) বাস্তব ধারণা | খ) কল্পিত ধারণা |
| গ) মানসিক ধারণা | ঘ) আনুমানিক ধারণা |

৫. জন, মিল ও শামীমের মৃত্যু দেখে আমরা অনুমান
করি সকল মানুষ হয় মরণশীল” এ বিশেষ অভিজ্ঞতা
থেকে সার্বিক যাত্রার নাম হল—

- | | |
|----------------------|-------------------|
| ক) ঘটনা সংযোজন | খ) ঘটনার সংক্ষেপণ |
| গ) আরোহণুলক উন্নম্ফন | ঘ) পূর্ণাঙ্গ |

৬. এ যাবৎকালে যত বন্ধু দেখেছি সবাই স্বার্থপর,
অতএব সকল বন্ধু হয় স্বার্থপর এটি কোন
আরোহের দৃষ্টিতে?

- | | |
|----------------|---------------|
| ক) বৈজ্ঞানিক | খ) অবৈজ্ঞানিক |
| গ) ঘটনা সংযোজন | ঘ) পূর্ণাঙ্গ |

৭. INTERPRETATION শব্দটির অর্থ হলো—

- | | |
|-----------|--------------|
| ক) সংজ্ঞা | খ) ব্যাখ্যা |
| গ) বিভাগ | ঘ) শ্রেণিকরণ |

৮. মীলফামারীকে উপজেলার ডিভিতে ভাগ করতে গিয়ে
ইউনিয়ন ও গ্রাম হিসেবে বিভক্ত করলে যে ভাব্যি
হবে—

- | | |
|-------------------|--|
| i. উন্নম্ফন বিভাগ | |
| ii. আকৃতিক বিভাগ | |
| iii. সংকর বিভাগ | |

নিচের কোনটি সঠিক?

- | | |
|-------------|----------------|
| ক) i ও ii | খ) i ও iii |
| গ) ii ও iii | ঘ) i, ii ও iii |

নিচের উচ্চীপক্ষটি পঢ়ে ৯ ও ১০নং প্রশ্নের উভর দাও:

বাগান করা শাহজের শব্দ। সে তার সংগৃহীত ফলের
চারাগাছগুলোকে নামের প্রথম অক্ষর অনুযায়ী বাগানে
রোপণ করল। যাতে সে খুব সহজেই পছন্দের ফলের
গাছগুলোকে খুঁজে পায়।

৯. উচ্চীপক্ষে বাগানটিতে চারা রোপন করার প্রক্রিয়াটি
শ্রেণিকরণের কোন ধারণার সাথে সম্পর্কিত?

- | | |
|--------------|--------------|
| ক) বৈজ্ঞানিক | খ) প্রাকৃতিক |
| গ) কৃত্রিম | ঘ) ক্রমিক |

১০. উচ্চীপক্ষে শাহজের গাছগুলো রোপণ করার উদ্দেশ্য
হচ্ছে মূলত-

- | | |
|----------------|---------------|
| i. ব্যক্তিগত | ii. সার্বজনীন |
| iii. প্রয়োগিক | |

নিচের কোনটি সঠিক?

- | | |
|-------------|----------------|
| ক) i ও ii | খ) i ও iii |
| গ) ii ও iii | ঘ) i, ii ও iii |

নিচের অনুচ্ছেদটি পঢ়ে ১১ ও ১২ নং প্রশ্নের উভর দাও:
হরি মিয়ার কন্যা সন্তান জন্মের পরপরই তার ব্যবসা
ভালো হলো। এ থেকে তিনি ধারণা করলেন কন্যা সন্তান
জন্মই তার ভালো ব্যবসার কারণ।

১১. উচ্চীপক্ষে বর্ণিত ধারণাতে কোন পদ্ধতির ভাস্তু
প্রয়োগ ঘটেছে?

- | | |
|----------------|--------------|
| ক) পরিশেষ | খ) অবয়ী |
| গ) সহ-পরিবর্তন | ঘ) ব্যতিরেকী |

১২. উচ্চীপক্ষে বর্ণিত কন্যা সন্তানের জন্ম ও ভালো
ব্যবসার মধ্যে নেই—

- | | |
|------------------------|---------------------|
| i. কার্যকারণ সম্পর্ক | ii. যৌক্তিক সম্পর্ক |
| iii. কাকতালীয় সম্পর্ক | |

নিচের কোনটি সঠিক?

- | | |
|-------------|----------------|
| ক) i ও ii | খ) i ও iii |
| গ) ii ও iii | ঘ) i, ii ও iii |

১৩. বৈজ্ঞানিক ব্যাখ্যার রূপ কয়টি?

- | | |
|------|------|
| ক) ১ | খ) ২ |
| গ) ৩ | ঘ) ৪ |

১৪. আরোহের আকারগত ভিত্তি হল—

- i. নিরীক্ষণ
- ii. কার্যকারণ নীতি
- iii. প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- (গ) ii ও iii
- (ঘ) i, ii ও iii

১৫. অপনয়নের সূত্র কে আবিষ্কার করেন?

- (ক) মিল
- (খ) বেকল
- (গ) জন লিলি
- (ঘ) বেইন

১৬. কাকতালীয় অনুপপত্তির উত্তব ঘটে কোন পদ্ধতির ফলে?

- (ক) ব্যতিরেকী পদ্ধতি
- (খ) অবয়ী পদ্ধতি
- (গ) সহপরিবর্তন পদ্ধতি
- (ঘ) পরিশেষ পদ্ধতি

১৭. কার্যকারণ-নীতি আরোহের কোন ধরনের ভিত্তি?

- (ক) আকারগত
- (খ) বস্তুগত
- (গ) আদর্শগত
- (ঘ) গুণগত

১৮. “আগামীকাল বৃক্ষ হতে পারে” এটি কোন ধরনের বাক্য?

- (ক) নিশ্চিত
- (খ) নিদিষ্ট
- (গ) অনিশ্চিত
- (ঘ) সম্ভাব্য

১৯. যৌগিক বিভাগে মূলনীতি কয়টি?

- (ক) ১
- (খ) ২
- (গ) ৩
- (ঘ) ৪

২০. ছিকোটিক বিভাগে একটি শ্রেণিকে মোট কয়টি উপশ্রেণিতে ভাগ করা যায়?

- (ক) দুইটি
- (খ) তিনাটি
- (গ) চারটি
- (ঘ) পাঁচটি

২১. ‘অবৈধ সামাজ্যকীকরণ’ কোন আরোহের তুটি?

- (ক) বৈজ্ঞানিক
- (খ) পূর্ণাঙ্গ
- (গ) সাদৃশ্যনুমান
- (ঘ) অবৈজ্ঞানিক

২২. অবৈজ্ঞানিক আরোহে থাকে না-

- (ক) আরোহমূলক লক্ষ্য
- (খ) প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি
- (গ) কার্যকারণ নিয়ম
- (ঘ) বাস্তব দৃষ্টান্ত

২৩. কারণের গুণগত বৈশিষ্ট্য কী?

- (ক) বস্তুর নিয়ত্যতা
- (খ) শক্তির নিয়ত্যতা
- (গ) অভেদ নিয়ম
- (ঘ) আপেক্ষিকতার নিয়ম

২৪. যৌগিক সংজ্ঞার মাধ্যমে করা সত্ত্ব—

- i. শব্দের ভাড়ার বাড়ানো
- ii. পদের দ্ব্যর্থকতা পরিহার
- iii. পদের অর্থ অস্পষ্ট করা

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- (গ) ii ও iii
- (ঘ) i, ii ও iii

২৫. আরোহের সিদ্ধান্ত সবসময় কোন ধরনের যুক্তিবাক্য হয়?

- (ক) বিশেষ
- (খ) সার্বিক
- (গ) বৈকল্পিক
- (ঘ) প্রকল্পিক

২৬. “সিংহ হচ্ছে পশুর রাজা” এটি কোন ধরনের অনুপপত্তি?

- (ক) বৃণক
- (খ) চমক
- (গ) বাহুল্য
- (ঘ) দুর্বোধ্য

২৭. অস্ত্রব ও নিশ্চয়তার মাঝামাঝি স্তরকে বলা হয়-

- (ক) শ্রেণিকরণ
- (খ) প্রকল্প
- (গ) ব্যাখ্যা
- (ঘ) সম্ভাব্যতা

২৮. পরিশেষ পদ্ধতি মূলত—

- i. আরোহ পদ্ধতি
- ii. অবরোহ পদ্ধতি
- iii. নিরীক্ষণ পদ্ধতি

নিচের কোনটি সঠিক?

- (ক) i
- (খ) ii ও iii
- (গ) ii
- (ঘ) i, ii ও iii

২৯. প্রকৃত আরোহ কয়ভাগে বিভক্ত?

- (ক) দুই
- (খ) তিন
- (গ) চার
- (ঘ) পাঁচ

৩০. “রাত্রি নামক দেবতা চন্দ্রকে গ্রাস করার ফলে চন্দ্ৰগ্রহণ হয়” এটি কোন ধরনের প্রকল্প?

- (ক) বাস্তব প্রকল্প
- (খ) সুনির্দিষ্ট প্রকল্প
- (গ) আজগুবি প্রকল্প
- (ঘ) প্রকল্প

১	ক	২	ক	৩	ক	৪	খ	৫	গ	৬	খ	৭	৮	ক	৯	গ	১০	খ	১১	গ	১২	ক	১৩	গ	১৪	গ	১৫	ঘ	
১৬	ক	১৭	ক	১৮	খ	১৯	ক	২০	ক	২১	খ	২২	গ	২৩	গ	২৪	ক	২৫	খ	২৬	ক	২৭	খ	২৮	ক	২৯	খ	৩০	গ